রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩২৪-আইন/আয়কর-২১/২০২৩।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, আগামী ৫ (পাঁচ) বৎসরের জন্য, তাজউদ্দীন আহমদ এন্ড সৈয়দা জোহরা তাজউদ্দীন মেমোরিয়াল ফাউন্ডেশন, অতঃপর উক্ত ফাউন্ডেশন বলিয়া উল্লিখিত, এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত গৃহীত দান ও অনুদানের মাধ্যমে প্রাপ্ত আয়কে, উক্ত আইন এর অধীন আরোপনীয় আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলি :

(ক) উক্ত ফাউন্ডেশন-কে উক্ত আইন এর বিধানাবলি পরিপালন করিতে হইবে; এবং

(খ) এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতি প্রাপ্ত দান ও অনুদান সম্পূর্ণভাবে উক্ত ফাউন্ডেশন এর জনকল্যাণমূলক কাজে ব্যয় করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(১৮১০৩)
মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com